গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# চীফ প্রসিকিউটর কার্যালয়

# আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল

পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।

www.ictcp.gov.bd

স্মারক নং-আন্তঃঅপঃট্রাইঃ/নিয়োগ/প্রসি-১৫/২০১২/১২৭২; তারিখ : ১৪/০১/২০২৬ ইং

# নিয়োগ বিজ্ঞপ্তি

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৮ এর স্মারক নং ১০.০০.০০০০.১৩২.১১.০০৭.২৩.৪৬১, তারিখঃ ২৭.০৮.২০২৫খ্রিঃ মূলে ছাড়পত্রের প্রেক্ষিতে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল চীফ প্রসিকিউটর কার্যালয়ে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (রাজস্বখাতভুক্ত) সরাসরি নিয়োগযোগ্য নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে নিম্নলিখিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ৬টি | ১১,০০০-২৬,৫৯০/- | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা থাকতে হবে। কম্পিউটার টাইপিং-এ ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ এবং সাঁটলিপিতে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ গতি সম্পন্ন হতে হবে। ২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি এবং টাইপিং ইত্যাদিতে দক্ষতা থাকতে হবে। |
| ০২ | ক্যাশিয়ার | ১টি | ৯,৩০০-২২,৪৯০/- | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী (বাণিজ্য)। সরকারী নীতিমালা অনুযায়ী জামানত প্রদান করতে হবে। কম্পিউটার পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১টি | ৯,৩০০-২২,৪৯০/- | উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগতযোগ্যতা। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ ও ইংরেজীতে প্রতি মিনিটে ২০ শব্দ। কম্পিউটার পারদশীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৪ | গাড়িচালক | ২টি | ৯,৩০০-২২,৪৯০/- | ৮ম শ্রেণী পাস এবং মোটরগাড়ী চালনায় ২ (দুই) বছরের চাকুরীর অভিজ্ঞতাসহ মোটরগাড়ী চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে। |
| ০৫ | অফিস সহায়ক | ১টি | ৮,২৫০-২০,০১০/- | এস. এস. সি উত্তীর্ণ। |
| ০৬ | নিরাপত্তা প্রহরী | ১টি | ৮,২৫০-২০,০১০/- | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। |
| ০৭ | পরিচ্ছন্নতা কর্মী | ১টি | ৮,২৫০-২০,০১০/- | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। |

**পালনীয় শর্তাবলীঃ**

১। চীফ প্রসিকিউটর, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল বরাবর সাদা কাগজে লিখিত আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ আগামী ০১/০১/২০২৬ইং তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতঃ আবেদনপত্র আগামী ০১/০২/২০২৬ইং তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কুরিয়ার সার্ভিস বা ডাকযোগে পৌছাতে হবে। উক্ত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত কোনভাবেই গ্রহণযোগ্য হবে না।

২। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজাদি সংযুক্ত করতে হবে।

ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী সম্বলিত সীলসহ) কর্তৃক সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী সম্বলিত সীলসহ) কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী সম্বলিত সীলসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানগণকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী হালনাগাদকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

চ) ১ ও ৩ নং ক্রমিকে বর্ণিত পদে আবেদনকারীগণকে অতিরিক্ত হিসেবে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কম্পিউটার অপারেটিং ও টাইপের ন্যূনতম গতি অর্জন সংক্রান্ত সনদপত্র দাখিল করতে হবে।

ছ) চীফ প্রসিকিউটর, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা বরাবর ১-৪ নং ক্রমিকের পদের জন্য আবেদন পত্রের সাথে পরীক্ষা ফি বাবদ ১০০/- টাকা এবং ৫-৭ নং ক্রমিকের পদের জন্য আবেদন পত্রের সাথে পরীক্ষা ফি বাবদ ৫০/- টাকার অফেরতযোগ্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

জ) আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা লিখিত এবং ১০/- টাকার ডাকটিকেট সম্বলিত ১০"x৪.৫" মাপের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং খামের উপরে পদের নাম ও নিজ জেলা স্পষ্টভাবে লিখতে হবে।

৩। প্রার্থীর বয়স সীমা ০১/০১/২০২৬ইং তারিখে ১৮ (আঠার) হতে ৩২ (বত্রিশ) বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩৪ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। সরকারী, আধা সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের সম্মতিতে/মাধ্যমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৫। শূন্যপদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে। কোন নির্দিষ্ট কোটায় আবেদনকারীকে সংশ্লিষ্ট কোটায় অধিকারী মর্মে প্রমাণ পত্র দাখিল করতে হবে এবং এরূপ আবেদনপত্র এবং খামের উপর কোন কোটায় আবেদন করা হয়েছে তা সুনির্দিষ্টভাবে কোটা উল্লেখ করা না হলে উক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে প্রয়োজন সাপেক্ষে সমস্কেলের যে কোন পদে কাজ করতে হবে।

৮। চূড়ান্ত/মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৯। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। উপর্যুক্ত প্রার্থীর লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, স্থান ও সময় পত্রের মাধ্যমে ও চীফ প্রসিকিউটর কার্যালয়ে রক্ষিত নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটের (www.ictcp.gov.bd) মাধ্যমে জানিয়ে দেয়া হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় সন্তোষজনকভাবে উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় ডাকা হবে।

১১। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি চাকুরীর নিশ্চয়তা প্রদান করে না। কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে যে কোন পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিলুপ্ত করায় এবং আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগতযোগ্যতা ও উৎকর্ষতার ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

১৪/০১/২৬

**(মোঃ আব্দুস সোবহান তরফদার)**
প্রসিকিউটর
ও
চেয়ারম্যান বাছাই কমিটি
চীফ প্রসিকিউটর কার্যালয়
আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল

ডিজি-৭৫/২৬ (২০"x৪)